কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ
লিমিটেড (সিপিজিসিবিএল)
An Enterprise of Government of the
People's Republic of Bangladesh
সিভিল শাখা
www.cpgcbl.gov.bd

**স্মারক নম্বর:** ২৭.৩২.০০০০.০০০.০১৩.০৭.০০০৯.২৬.৪৮

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

বিষয়: **"Disposal and Sale of Various Types of Unused and Scrap Electrical Cables (Including Insulated/Covered Cables and off-cut Cables) from the E-4 Area of the Matarbari Coal-Based Power Plant Project"-শীর্ষক বিক্রয় কাজের চুক্তি সম্পাদন নোটিশ [Notification of Award (NOA)] জারি প্রসঙ্গে।**

সূত্র: দরপত্রের স্মারক নং: ২৭.৩২.০০০০.০০০.০১৩.০৭.০০০৯.২৬.০৩৭২; তারিখঃ ২৭/০৪/২০২৬ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলোচ্য বিক্রয় দরপত্রের বিপরীতে গত ০৪/০৬/২০২৬ ইং তারিখে আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপ্রস্তাবটি ১ম সর্বোচ্চ গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচিত হয়েছে এবং আপনাদের দরপ্রস্তাবে ভ্যাট ও ট্যাক্স ব্যতীত উদ্ধৃত দর মোট টাকা ৩,২৩,৪১,৫০০.০০ (তিন কোটি তেইশ লক্ষ একচল্লিশ হাজার পাঁচশত) মাত্র সিপিজিসিবিএল-এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়েছে।

**এমতাবস্থায়, নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অত্র চুক্তি সম্পাদন নোটিশ (NOA) জারি করা হলো:**

১। অত্র চুক্তি সম্পাদন নোটিশ (NOA) জারির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে চুক্তি সম্পাদন নোটিশ (NOA) গ্রহণের লিখিত সম্মতি পত্র প্রদান করতে হবে।

২। বর্ণিত বিক্রয় কাজের চুক্তিমূল্য হবে ভ্যাট ও ট্যাক্সসহ মোট টাকা ৪,০৪,২৬,৮৭৫.০০ (চার কোটি চার লক্ষ ছাব্বিশ হাজার আটশত পঁচাত্তর) মাত্র [যেখানে মালামালের মূল্য টাকা ৩,২৩,৪১,৫০০.০০, ট্যাক্স (১০%) টাকা ৩২,৩৪,১৫০.০০ ও ভ্যাট (১৫%) টাকা ৪৮,৫১,২২৫.০০)]।

৩। আপনাদের দরপ্রস্তাবের সাথে প্রদত্ত দরপত্র জামানত (পে-অর্ডার) টাকা ৬৬,০০,০০০.০০ (ছেষট্টি লক্ষ) মাত্র উপরোক্ত চুক্তিমূল্যের মধ্যে পরিশোধিত হিসেবে বিবেচিত হবে (দুইধাপে মালামাল গ্রহণের ক্ষেত্রে দ্বিতীয় ধাপে প্রদেয় অর্থের সাথে তা সমন্বয় করা হবে)।

৪। অত্র NOA জারির তারিখ হইতে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে-

(ক) বিক্রয় কাজের কার্যসম্পাদন জামানত (ফেরৎযোগ্য) হিসাবে টাকা ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) মাত্র "**Coal Power Generation Company Bangladesh Limited**"-এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে জমা প্রদান করতে হবে। যথাযথভাবে কাজ সম্পাদন শেষে, মালামাল ডেলিভারি কমিটির প্রত্যয়ন সাপেক্ষে উক্ত কার্যসম্পাদন জামানত (টাকা ১০,০০,০০০.০০ মাত্র) ফেরত প্রদান করা হবে।

(খ) **একধাপে মূল্য পরিশোধ ও মালামাল ডেলিভারি গ্রহণের ক্ষেত্রে:**

চুক্তিমূল্যের অবশিষ্ট অর্থ (৪,০৪,২৬,৮৭৫.০০ - ৬৬,০০,০০০.০০) টাকা ৩,৩৮,২৬,৮৭৫.০০ (তিন কোটি আটত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার আটশত পঁচাত্তর) মাত্র "**Coal Power Generation Company Bangladesh Limited**"-এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে জমা প্রদান করতে হবে ***[এক্ষেত্রে, ১ম বিক্রয়াদেশ জারির ১২০ দিন সময়ের মধ্যে চুক্তি মোতাবেক সকল মালামাল গ্রহণ করতে হবে]*** ; **অথবা**

**দুইধাপে মূল্য পরিশোধ ও মালামাল ডেলিভারি গ্রহণের ক্ষেত্রে:**

চুক্তিমূল্যের ৫০% অর্থ (৪,০৪,২৬,৮৭৫.০০ × ৫০%) টাকা ২,০২,১৩,৪৩৮.০০ (দুই কোটি দুই লক্ষ তেরো হাজার চারশত আটত্রিশ) মাত্র "**Coal Power Generation Company Bangladesh Limited**"-এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে জমা প্রদান করতে হবে *[এক্ষেত্রে, ১ম ধাপে বিক্রয়াদেশ-১ জারির ৬০ দিন সময়ের মধ্যে চুক্তি মোতাবেক মালামাল গ্রহণ করতে হবে এবং ২য় ধাপে চুক্তিমূল্যের ৫০% (২য় ধাপে দরপত্র*

*জামানতের অর্থ সমন্বয়করতঃ) অর্থ প্রদানকরতঃ বিক্রয়াদেশ-২ জারির ৬০ দিন সময়ের মধ্যে সকল মালামাল গ্রহণ করতে হবে। **উল্লেখ্য যে, ১ম বিক্রয়াদেশ জারি থেকে ১২০ দিন সময়ের মধ্যে চুক্তি মোতাবেক সকল মালামাল গ্রহণ সম্পন্ন করতে হবে]***

৫। শর্ত ১ ও শর্ত ৪ প্রতিপালনে ব্যর্থ হলে দরপত্র জামানতের সম্পুর্ণ টাকা বাজেয়াপ্ত করা হতে পারে। এ বিষয়ে পরবর্তীতে কোনো ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬। সরকার কর্তৃক ভ্যাট-ট্যাক্সের পরিমাণ বৃদ্ধি করা হলে কিংবা অন্য কোনো কর/চার্জ/ফি আরোপযোগ্য হলে তা আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক প্রদান করতে হবে।

৭। অত্র চুক্তি সম্পাদন নোটিশ (NOA)-এর সাথে সংযুক্ত খসড়া চুক্তি দলিল, NOA জারির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে যাচাই-বাছাইপূর্বক নিশ্চিত (Confirm) করতে হবে এবং চুক্তি সম্পাদন নোটিশ (NOA) জারির ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করতে হবে।

৮। চুক্তি স্বাক্ষরের পর বিক্রয়াদেশ ইস্যু করা হবে এবং সিপিজিসিবিএল-এর পক্ষ হতে মালামাল বুঝিয়ে দেয়ার লক্ষ্যে একটি ডেলিভারি কমিটি গঠন করা হবে। বিক্রয়াদেশ ইস্যুর পর ডেলিভারি কমিটির সাথে যোগাযোগপূর্বক কমিটির নির্দেশনা ও পরামর্শ মোতাবেক আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক মালামাল গ্রহণ কাজ শুরু ও শেষ করতে হবে। ডেলিভারি কমিটির উপস্থিতিতে মালামালসমূহ পরিমাপকরতঃ ডেলিভারি প্রদান করা হবে।

৯। দরপ্রস্তাব (Price Schedule)-এ উল্লিখিত একক দর অনুযায়ী মালামাল ডেলিভারি দেয়া হবে। প্রকৃত পরিমাপের ভিত্তিতে উক্ত মালামালসমূহ ডেলিভারি করা হবে। ডেলিভারি প্রদানের সময় ডেলিভারি কমিটি কর্তৃক অতিরিক্ত মালামাল পাওয়া গেলে, একই দরে অতিরিক্ত স্ক্র্যাপ মালামালসমূহ প্রদান করার সুযোগ থাকবে এবং মালামালের পরিমাণ কম হলে আপনাদের প্রতিষ্ঠানের সম্মতি সাপেক্ষে টাকা ফেরত না দিয়ে দরপ্রস্তাব (Price Schedule)-এর অন্য আইটেম উদ্বৃত্ত থাকা সাপেক্ষে গৃহীত দরের ভিত্তিতে সমন্বয় করার সুযোগ থাকবে। **উল্লেখ্য যে, ইনসুলেশন সহকারে সকল মালামাল নিয়ে যেতে হবে।**

১০। মালামাল ডেলিভারি গ্রহণ কাজটি যথাসময়ের মধ্যে সম্পাদনের লক্ষ্যে ডেলিভারি কমিটির পরামর্শ মোতাবেক আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক পর্যাপ্ত লোকবল ও যন্ত্রপাতি (ওজন মাপার স্কেল, এক্সাভেটর, ড্রাম, ট্রাক, ইত্যাদি) সরবরাহ করতে হবে।

১১। আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক বিক্রয় কাজটি সম্পাদনের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা সামগ্রীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২। মালামাল গ্রহণকালে সিপিজিসিবিএল-এর ছাড়পত্র, গেটপাশ, ডেলিভারি চালান এবং অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

১৩। মালামাল সরবরাহের সময় Sorting, Loading ও Transportation সহ অন্যান্য আনুসঙ্গিক সকল কাজের দায়িত্ব ও খরচ আপনাদের প্রতিষ্ঠান বহন করবে। মালামাল ডেলিভারি নেয়ার সময় পরিবেশ ও সিপিজিসিবিএল-এর কোনো সম্পত্তির কোনো রকম ক্ষতি করা যাবে না।

১৪। বর্ণিত বিক্রয় কাজটি সম্পাদনের সময় দূর্ঘটনায় কোনো ব্যক্তি বা মালামালের ক্ষতি সাধন হলে উহার সম্পূর্ণ দায়-দায়িত্ব আপনাদের প্রতিষ্ঠানকেই বহন করতে হবে এবং বাংলাদেশ সরকারের শ্রম আইন অনুযায়ী ক্ষতি পূরণ প্রদান করতে হবে। এই বিষয়ে সিপিজিসিবিএল কোনো প্রকার দায়-দায়িত্ব বহন করবে না।

১৫। বিক্রয় কাজটি সম্পাদনের সময় আপনাদের প্রতিষ্ঠানের কোনো প্রকার অবহেলার কারণে কর্তৃপক্ষের কোনো প্রকার ক্ষতি সাধন হলে ক্ষতিপূরণ বাবদ সমপরিমাণ মূল্য আপনাদের প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য হবে।

১৬। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কোনো যৌক্তিক কারণ ছাড়া মালামালসমূহ অপসারণ করতে না পারলে জমাকৃত টাকাসহ অবশিষ্ট বা সম্পূর্ণ মালামাল বাজেয়াপ্ত করার সম্পূর্ণ ক্ষমতা সিপিজিসিবিএল সংরক্ষণ করে।

১৭। বিক্রয় কাজটি সম্পাদনে সিডিউলে বর্ণিত এবং সিপিজিসিবিএল কর্তৃক নির্ধারিত ও যে কোনো সময় আরোপিত শর্তাবলি প্রযোজ্য হবে।

১৮। অত্র চুক্তি সম্পাদন নোটিশটি (NOA) চুক্তির একটি অংশ বলে গণ্য হবে।

সংযুক্তিঃ খসড়া চুক্তি দলিল ০১ (এক) কপি।

**সংযুক্তিঃ**

(১) Draft Contract Agreement

২২-০৬-২০২৬
মোঃ মাহমুদ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)

Asian Trade Link
Mohabbat Ali Sufir Bari, Taltola, South Halishahar, EPZ, Chittagong।

**স্মারক নম্বর:** ২৭.৩২.০০০০.০০০.০১৩.০৭.০০০৯.২৬.৪৮/১ (১১)

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
২। নির্বাহী পরিচালক (পরিচালন ও সংরক্ষণ), ও এন্ড এম বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
৩। নির্বাহী পরিচালক (পিএন্ডডি), পি এন্ড ডি বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
৪। নির্বাহী পরিচালক (অর্থ), অর্থ ও হিসাব বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
৫। প্রকল্প পরিচালক, মাতারবাড়ী ২x৬০০ মে:ও: বিদ্যুৎ প্রকল্প, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
৬। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), পি এন্ড ডি বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
৭। প্রধান প্রকৌশলী (পরিচালন ও সংরক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, মাতারবাড়ী সাইট অফিস, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
৮। উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), নিরীক্ষা বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
৯। উপ-মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
১০। নির্বাহী প্রকৌশলী (পুর), সিভিল শাখা, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
১১। অফিস কপি, সিপিজিসিবিএল, ঢাকা।

২২-০৬-২০২৬
মোঃ মাহমুদ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)